

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৬২.১৮-১৬২

তারিখ :- ১৩.০৫.২০১৮ খ্রিঃ।

বিষয় : মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ মামলার আদেশের আলোকে সেতাবগঞ্জ কামিল মাদরাসার সাময়িক বরখাস্তকৃত ইবতেদায়ী জুনিয়র শিক্ষক, জনাব মোঃ কামাল হোসেনকে পূর্ণ বেতন ভাতাদি(এমপিও) প্রদান প্রসঙ্গে।

- সূত্র : (১) সাময়িক বরখাস্তকৃত জনাব মোঃ কামাল হোসেন এর ১৩.০৫.২০১৮ খ্রিঃ তারিখের আবেদন।
(২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০০০.০৪.০০১.১৭-৮৬, তারিখ: ১২.১১.১৭ খ্রিঃ।
(৩) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৪.০৪.০০১.১৭.৪, তারিখ: ২৬.০৯.১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার বোচাগঞ্জ উপজেলাধীন সেতাবগঞ্জ কামিল মাদরাসার সাময়িক বরখাস্তকৃত ইবতেদায়ী জুনিয়র শিক্ষক, জনাব মোঃ কামাল হোসেনকে ২০-০৩-২০০৭ খ্রিঃ তারিখে সাময়িক বরখাস্ত করা হয় মর্মে আবেদনকারীর আবেদন থেকে জানা যায়।

০২. মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রিট পিটিশন নং ৩৬৫৭/২০১৫ এর আদেশে নিম্নরূপ নির্দেশনা দেয়া হয়েছে "Accordingly, we declare that in the absence of any law providing otherwise, no person shall be kept under suspension beyond 60(sixty) days from the date of his/her suspension. If the suspension continues for further period, exceeding 60(sixty) days, then the person suspended shall be entitled to receive full pay, instead of subsistence allowance, till the suspension order/letter ends up in a final order."


০৩. মহামান্য হাইকোর্টের রায়ের আলোকে সূত্রে বর্ণিত স্মারক নং ০২ ও ০৩ অনুযায়ী বেসরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের কোন শিক্ষক/কর্মচারীকে ৬০(ষাট) দিনের বেশী সাময়িক বরখাস্ত রাখা হলে তিনি পূর্ণ বেতন (এমপিও) ও অন্যান্য ভাতা সমূহ প্রাপ্য হবেন মর্মে নির্দেশনা জারী করা হয়েছে।

০৪. সাময়িক বরখাস্তকৃত ইবতেদায়ী জুনিয়র শিক্ষক, জনাব মোঃ কামাল হোসেন কর্তৃক উপস্থাপিত কাগজ পত্র পর্যালোচনায় দেখা যায় যে, তাঁকে ইবতেদায়ী জুনিয়র শিক্ষক, (জনাব মোঃ কামাল হোসেন) ২০-০৩-২০০৭ খ্রিঃ তারিখে সাময়িক বরখাস্ত করায় তাঁর সাময়িক বরখাস্তের মেয়াদ ৬০(ষাট) দিনের বেশী হয়েছে বিধায় ইবতেদায়ী জুনিয়র শিক্ষক হিসেবে জনাব মোঃ কামাল হোসেন তাঁর পদের পূর্ণ বেতন-ভাতাদি (এমপিও) মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী পাওয়ার আইনগত অধিকারী।

০৫. সাময়িক বরখাস্তকৃত ইবতেদায়ী জুনিয়র শিক্ষক, জনাব মোঃ কামাল হোসেন কর্তৃক উপস্থাপিত কাগজ পত্র পর্যালোচনায় দেখা যায় যে, তাঁকে (জনাব মোঃ কামাল হোসেন) মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুসরণক্রমে তাঁকে পূর্ণ বেতন ভাতাদি (এমপিও) প্রদান করা হচ্ছে না।

০৬. সাময়িক বরখাস্তকৃত ইবতেদায়ী জুনিয়র শিক্ষক, জনাব মোঃ কামাল হোসেনকে পূর্ণ বেতন-ভাতাদি (এমপিও) প্রদান না করা মহামান্য হাইকোর্টের নির্দেশনার সুস্পষ্ট লংঘন।

০৭. এমতাবস্থায় উপরে বর্ণিত অনুচ্ছেদ সমূহের আলোকে সেতাবগঞ্জ কামিল মাদরাসার সাময়িক বরখাস্তকৃত ইবতেদায়ী জুনিয়র শিক্ষক, জনাব মোঃ কামাল হোসেনকে মহামান্য হাইকোর্টের নির্দেশনা মোতাবেক তাঁর পূর্ণাঙ্গ বেতন-ভাতাদি(এমপিও) প্রদানের নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে এ অধিদপ্তরকে আগামী ০৫-০৬-২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে অবহিতির জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ব্যর্থতায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


১৩/০৫/২০১৮

(মোঃ ফরিদ আহমেদ)

সহকারী পরিচালক (অডিট ও আইন)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অধ্যক্ষ

সেতাবগঞ্জ কামিল মাদরাসা

উপজেলাঃ- বোচাগঞ্জ, জেলাঃ-দিনাজপুর।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুলভবন(৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, দিনাজপুর। (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলাঃ-বোচাগঞ্জ, জেলাঃ-দিনাজপুর। (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
- ৪। জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর। (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলাঃ-বোচাগঞ্জ, জেলাঃ-দিনাজপুর। (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
- ৬। সভাপতি, গভর্ণিং বডি, সেতাবগঞ্জ কামিল মাদরাসা, উপজেলাঃ-বোচাগঞ্জ, জেলাঃ-দিনাজপুর। (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
- ৭। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, সেতাবগঞ্জ শাখা, উপজেলাঃ-বোচাগঞ্জ, জেলাঃ-দিনাজপুর।
- ৮। জনাব মোঃ কামাল হোসেন, ইবতেদায়ী জুনিয়র শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত), সেতাবগঞ্জ কামিল মাদরাসা, উপজেলাঃ-বোচাগঞ্জ, জেলাঃ-দিনাজপুর।
- ৯। অফিস কপি।